দৈনিক ইত্তেফাক

তারিখ 10 AUG 1993
পৃষ্ঠা ১২ কলাম ৪

শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী

# ইউনিয়ন বাছাই-এর কাজ এখনও শেষ হয় নাই

গিয়াসউদ্দিন আহমদ ॥ শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় দেশে প্রতি বৎসর প্রায় ৭০ কোটি টাকা মূল্যের প্রায় ১০ হাজার টাকার খাদ্যশস্য ব্যয় করা হইবে। প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুদের বিদ্যালয়ে ভর্তির হার উন্নীত করা, উপস্থিতির হার বৃদ্ধি ও ছাত্র-ছাত্রীদের স্কুল ত্যাগের প্রবনতা রোধ করার জন্য সরকার চলতি বৎসরে ১লা জুলাই হইতে শিক্ষার জন্য খাদ্যকর্মসূচী গ্রহন করিয়াছে।

প্রাথমিক পদক্ষেপে রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ও ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা মেট্রোপলিটন, পৌর ও শহর এলাকা বাদে দেশের ৬১টি জেলার ৪৩৫টি থানা হইতে ১টি করিয়া মোট ৪৩৫টি ইউনিয়নে এই কর্মসূচী চালু করা হইতেছে।

উক্ত কর্মসূচী গত ১লা জুলাই হইতে চালু করা হইলেও আজ পর্যন্ত শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় ইউনিয়ন নির্বাচনের কাজ শুরু করে নাই। সম্প্রতি প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ হইতে জেলা প্রশাসকদের নিকট ১টি ইউনিয়নের নাম সুপারিশ করিয়া অনতিবিলম্বে প্রেরণের জন্য অনুরোধ জানান হইয়াছে।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের পক্ষ হইতে উক্ত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক থানা শিক্ষা কমিটিকে সর্বপ্রথম শিক্ষা ও অর্থনৈতিক দিক হইতে অনগ্রসর ৪টি ইউনিয়ন নির্বাচন করিয়া প্রস্তাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট পাঠানোর পরামর্শ দেওয়া

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ

## শিক্ষার জন্য খাদ্য

(শেষ পৃঃ পর)

হইয়াছে।

জেলা প্রশাসকগণকে জেলার কর্ম সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সহিত পরামর্শ করিয়া প্রতি থানায় প্রকল্প এলাকা হিসাবে ১টি ইউনিয়নের নাম সুপারিশ করিয়া অনতিবিলম্বে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে পাঠাইতে অনুরোধ করা হইয়াছে। থানা শিক্ষা কমিটিকে প্রস্তাবের অনুলিপি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে পাঠানোর নির্দেশ দেওয়া হইয়াছে।

শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় ইউনিয়ন নির্বাচনের কাজ শেষ করিতে ২/৩ মাস সময় লাগিবে বলিয়া সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ জানান।